শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৫৪.১৭-১৫৯

তারিখঃ ২৭ ফাল্গুন ১৪২৫
১১ মার্চ ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-২৮৪৯/২০১৭ এর ২৯.১১.১৭ খ্রি. তারিখের রায়ের বিরুদ্ধে আপীল দায়েরসহ রায় স্থগিতকরণ।

সূত্র: (১) বাংলাদেশ সুপ্রীম কোর্টের বিজ্ঞ কৌসুলি জনাব আব্দুর রহমান কর্তৃক দাখিলকৃত ০৪.০৩.২০১৯ খ্রি. তারিখের উকিল নোটিশ।
(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৬৬.০০২.০৫৪.১৭-৩৩২, তারিখ: ১৮.০৬.২০১৭ খ্রি.।
(৩) কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.১৭-১৮০-৫০২, তারিখ: ২০.০৯.২০১৭ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন এম, এ মতিন কারিগরি ও কৃষি কলেজের অধ্যক্ষ কর্তৃক ২৭/১২/২০১৫ খ্রি. তারিখের ম্যামট্যাক/এমপিও-০৪/৭৮৮/২০১৫ সংখ্যক স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানের প্রশিক্ষক (কৃষি) নন-টেক, ব্যবস্থাপনা জনাব কামরুজ্জামান এর যোগদানের তারিখ থেকে চাকুরির সুবিধা এবং বকেয়াসহ বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) ছাড়করণের জন্য ২নং রেসপনডেন্ট (মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর) বরাবর আবেদন প্রেরণ করা হয়।

০২। উক্ত আবেদনে চাহিত প্রতিকার DTE কর্তৃক বিবেচনা না করায় বর্ণিত প্রতিষ্ঠানের প্রশিক্ষক (কৃষি) নন-টেক, ব্যবস্থাপনা জনাব কামরুজ্জামান কর্তৃক মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-২৮৪৯/২০১৭ দায়ের করা হয়।

০৩। উক্ত রিট মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং আরো অন্যান্যসহ মোট ০৭ (সাত) জনকে রেসপনডেন্ট করা হয়।

০৪। মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রাথমিক শুনানিঅন্তে বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক ২৭/১২/২০১৫ খ্রি. তারিখের ম্যামট্যাক/এমপিও-০৪/৭৮৮/২০১৫ সংখ্যক স্মারকমূলে ২নং রেসপনডেন্ট বরাবর প্রেরিত আবেদন মতে প্রশিক্ষক (কৃষি) নন-টেক, ব্যবস্থাপনা জনাব কামরুজ্জামানকে কেন যোগদানের তারিখ থেকে চাকুরির সুবিধা এবং বকেয়াসহ বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) ছাড় করা হবে না - সেমর্মে নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে কারণ দর্শানোর জন্য রেসপনডেন্টগণের প্রতি রুল জারি করা হয়।

০৫। উক্ত রিট মামলার বিষয়ে সরকার পক্ষে যথাযথ প্রতিদ্বন্দ্বিতা করাসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে এ বিভাগকে অবহিত করার জন্য সূত্র (২) মূলে মহোদয়কে অনুরোধপত্র দেয়া হয়।

০৬। বর্ণিত রিট মামলায় সরকার পক্ষের জবাব (Affidavit in opposition) দাখিলের নিমিত্ত সচিব মহোদয়ের স্বাক্ষরিত ওকালতনামা ও অথরাইজেশন লেটার পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে সূত্র (৩) মূলে (মহোদয় কর্তৃক) বিজ্ঞ সলিসিটর বরাবর প্রেরণ করা হয়।

০৭। উক্ত রিট মামলায় সলিসিটর উইং হতে যথাযথ পদক্ষেপ বা আদৌ কোন পদক্ষেপ নেয়া হয়েছে কিনা তা এ বিষয়ে কোন তথ্য নেই। তবে উক্ত মামলায় সলিসিটর উইং হতে কোন পদক্ষেপ গ্রহণ না করায় সরকার প্রতিকূলে রায় হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

০৮। উল্লেখ্য, বর্ণিত রিট মামলার গত ২৯.১১.২০১৭ খ্রি. তারিখে রায় আগামী ০৭ (সাত) দিনের মধ্যে বাস্তবায়ন করা না হলে তার (Legal Notice প্রেরক) মক্কেলকে আদালত অবমাননার দায়ে কনটেম্পট পিটিশন দায়ের করার পরামর্শ দেয়া হবে উকিল নোটিশে উল্লেখ করা হয়েছে (কপি সংযুক্ত)।

০৯। উক্ত রিট মামলার রায়ে সরকারের আর্থিক সংশ্লেষ থাকায় জরুরিভিত্তিতে নির্ধারিত সময়ের মধ্যে আপীল দায়ের নিশ্চিতক্রমে রিট মামলার রায় স্থগিতকরণের নিমিত্ত পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

১০। এমতাবস্থায়, রিট পিটিশন নং-২৮৪৯/২০১৭ মামলার ২৯.১১.২০১৭ খ্রি. তারিখের রায়/আদেশের বিরুদ্ধে আগামী ২৫.০৩.২০১৯ খ্রি. এর মধ্যে রায় স্থগিতসহ আপীল দায়ের নিশ্চিতক্রমে সিভিল পিটিশন (CP) নম্বর উল্লেখপূর্বক আপীল দায়ের সংক্রান্ত প্রমাণকসহ এ সংক্রান্ত তথ্যাদি এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তি: উকিল নোটিশ- ০৩ (তিন) পাতা।

(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন- ৯৫৮৬৫৮৩

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাক (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অফিস কপি/মাস্টার কপি।